দৈনিক বাংলা

তারিখ 18 FEB 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

12

### ধর্মঘট চলবে ঃ শিক্ষক ফেডারেশন

# ডিগ্রী পরীক্ষা সুষ্ঠুভাবে চলছে

স্টাফ রিপোর্টার ঃ সোমবার ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) ও সাবসিডিয়ারি পরীক্ষার সপ্তম দিন অতিবাহিত হয়েছে। কোথাও থেকে তেমন কোন গোলযোগের খবর পাওয়া যায়নি।

রাজধানী ঢাকার ১৯টি ডিগ্রী পরীক্ষা কেন্দ্রের মধ্যে ৯টি রয়েছে বেসরকারী

আটের পাতায় ৪ কঃ দ্রঃ

## ডিগ্রী পরীক্ষা সুষ্ঠুভাবে

(প্রথম পৃঃ পর)

কলেজে। এই ৯টি কেন্দ্রের মধ্যে হাবিবুল্লাহ বাহার কলেজ, আবুজর গিফারী কলেজ, সিদ্ধেশ্বরী কলেজ ও শেখ বোরহানউদ্দীন কলেজে বেসরকারী শিক্ষকরা ডিগ্রী পরীক্ষা দিচ্ছেন না। এসব কলেজে ঢাকা জেলা প্রশাসকের প্রতিনিধিরা পরীক্ষা তদারকী করছেন। অভিযোগ পাওয়া গেছে যে এই চারটি কেন্দ্রে তুলনামূলক ভাবে টোকাটুকি হচ্ছে বেশী।

পক্ষান্তরে অন্য পাঁচটি বেসরকারী কলেজ কেন্দ্রের ডিগ্রী পরীক্ষা তদারকী করছেন সংশ্লিষ্ট কলেজের শিক্ষকরা। এই পাঁচটি কেন্দ্রে জেলা প্রশাসকের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন বাস্তবে তাঁদের তেমন কিছু করতে হচ্ছে না। কেন্দ্রগুলিতে তুলনামূলকভাবে পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছে।

সোমবার ছিল ইংরেজী, ভূগোল ও হিসাব বিজ্ঞান বিষয়ের দ্বিতীয় পত্রের পরীক্ষা। আজ মঙ্গলবার একই বিষয়ের তৃতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এদিকে বেসরকারী শিক্ষকদের ধর্মঘট অব্যাহত রয়েছে। এখনও পর্যন্ত ধর্মঘটের অবসান বা সমস্যা সমাধানের কোন লক্ষণ দেখা য্যাচ্ছে না।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ শহীদুল্লাহ পুনরায় দৃঢ়তার সঙ্গে বলেছেন, তাদের ১৫ দফা দাবী পূরণ না হওয়া পর্যন্ত ধর্মঘট অব্যাহত থাকবে।

এক বিবৃতিতে তাঁরা ২৪ ফেব্রুয়ারি আহূত সমাবেশ সফল করার আহবান জানান।